

১ম প্রান্তিক মূল্যায়ন – ২০২৪ খ্রি.
১০১ নং দিগনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়
ক্লাস্টারঃ দিগনগর, মুকসুদপুর, গোপালগঞ্জ।
শ্রেণিঃ ৫ম
বিষয়ঃ গণিত

সময়ঃ ২:৩০ ঘন্টা

পূর্ণমানঃ ১০০

প্রশ্নগুলোর উত্তর দাও।

১। সংক্ষেপে উত্তর উত্তরপত্রে লিখঃ

(১×২০)=২০

- ক) $১০০ \times ১০০ =$ কত ?
- খ) গুণ কীসের সংক্ষিপ্ত রূপ ?
- গ) একটি কলার দাম ৫ টাকা হলে, এক ডজন কলার দাম কত ?
- ঘ) নিঃশেষে বিভাজ্য না হলে ভাজ্য নির্ণয়ের সূত্রটি লেখ।
- ঙ) ৮টি ডিমের দাম ৭২ টাকা হলে, ১টি ডিমের দাম কত ?
- চ) গ.সা.গু. এর পূর্ণরূপ লেখ।
- ছ) $২০ \div (৫ \times ২) =$ কত ?
- জ) সংখ্যা প্রতীক কয়টি ?
- ঝ) $(ক \div ৫) \times ৪ = ২৮$, এখানে 'ক' এর মান কত ?
- ঞ) ৪ এর প্রথম দু'টি গুণিতক লেখ।
- ট) গুণনীয়কের অপর নাম কী ?
- ঠ) $\frac{৫}{৮}$ কে অপ্রকৃত ভগ্নাংশে প্রকাশ কর।
- ড) ৫ এর বিপরীত ভগ্নাংশ লেখ।
- ঢ) ১৫ এর সকল গুণনীয়ক লেখ।
- ণ) $\frac{৯}{৮} + \frac{১}{৮} =$ কত ?
- ত) $\frac{৩}{৫} - \frac{১}{৫} =$ কত ?
- থ) একটি চতুর্ভুজে কতটি কর্ণ আঁকা সম্ভব ?
- দ) আয়ত ও বর্গের মধ্যে একটি পার্থক্য লেখ।
- ধ) এটি কোন ধরনের চতুর্ভুজ ?
- ন) ট্র্যাপিজিয়ামে কয় জোড়া বাহু সমান্তরাল ?

২। একটি গরু ও একটি খাসির মূল্য যথাক্রমে ৪২৪৫০ টাকা ও ৯৭৫০ টাকা।

- ক) ১টি গরু ও ১টি খাসির মূল্যের পার্থক্য কত ? ২
- খ) ৮টি খাসির মূল্য কত ? ৩
- গ) ১২টি গরু ও ৮টি খাসির মোট মূল্য কত ? ৩

অথবা

এক ব্যক্তির দৈনিক আয় ৬০০ টাকা এবং দৈনিক ব্যয় ৪৫০ টাকা।

- ক) তার দৈনিক সঞ্চয় কত ? ২
- খ) তার মাসিক ব্যয় কত ? ৩
- গ) তার বাৎসরিক সঞ্চয় কত ? ৩
- ৩। ১৫টি শার্ট ও ১২টি প্যান্টের মূল্য একত্রে ১৪৫৫০ টাকা। ১টি শার্টের মূল্য ৪৫০ টাকা।
- ক) ১৫টি শার্টের মূল্য কত ? ২
- খ) ১টি প্যান্টের মূল্য কত ? ৩
- গ) ৩২৫০ টাকায় কয়টি প্যান্ট পাওয়া যাবে ? ৩

অথবা

৫৪ দ্বারা একটি সংখ্যাকে ভাগ করে ভাগফল ১৮ ও ভাগশেষ ৮ পাওয়া গেল।

- ক) সংখ্যাটি কি নিঃশেষে বিভাজ্য ?
- খ) সংখ্যাটি নির্ণয় কর।
- গ) উদ্দীপকের সংখ্যাটিকে ১০ দ্বারা ভাগ কর।
- ৪। মা ও কন্যার বয়সের সমষ্টি ৭৬ বছর। মাতার বয়স কন্যার বয়সের ৩ গুণ।
- ক) কন্যার বয়স কত ? ২
- খ) মাতার বয়স কত ? ৩
- গ) ১০ বছর পর মাতা ও কন্যার বয়সের সমষ্টি কত হবে ? ৩

অথবা,

১জন শ্রমিক সপ্তাহে ২১০০ টাকা আয় করেন এং মাসে ৮১৫০ টাকা ব্যয় করেন। বাকি টাকা সঞ্চয় করেন। [১ মাস = ৩০ দিন]

- ক) তিনি দৈনিক কত টাকা আয় করেন ? ২
- খ) তার মাসিক সঞ্চয় কত ? ৩
- গ) ৫২৫০০ টাকা সঞ্চয় করতে তার কত মাস সময় লাগবে ? ৩
- ৫। ১৫টি পেনসিল এবং ১২টি কলমের দাম একত্রে ২৭৬ টাকা। ১টি কলমের দাম ৮ টাকা।
- ক) ১২টি কলমের দাম কত ? ২
- খ) ১৫টি পেনসিলের দাম কত ? ৩
- গ) ১০টি পেনসিল কিনতে কত টাকা লাগবে ? ৩

অথবা,

মামুন ১২০ টাকা দিয়ে ২৪টি পেনসিল কিনল।

- ক) মামুন কত ডজন পেনসিল কিনল ? ২
- খ) একটি পেনসিলের দাম কত ? ৩
- গ) ১০০ টাকায় সে কয়টি পেনসিল কিনতে পারবে ? ৩

৬। হিসাব করঃ ক) $1\frac{2}{5} + \frac{1}{5} =$ কত ? খ) $1\frac{6}{9} - \frac{8}{9} =$ কত ? ৪+৪=৮

অথবা

$1\frac{2}{5}$ ও $\frac{8}{5}$ মিটার দৈর্ঘ্যের ২টি ফিতা আছে।

- ক) ফিতা দুইটির মোট দৈর্ঘ্য কত ? ৪
খ) ফিতা দুইটির দৈর্ঘ্যের পার্থক্য কত ? ৪

৭। ১৫০ গ্রাম ওজনের 'ক' সংখ্যক খাতা ৪০০ গ্রাম ওজনের একটি বাক্সে রাখা হলো এবং মোট ওজন 'খ'।

- ক) ৩টি বাক্সের ওজন কত গ্রাম ? ২
খ) 'ক' এবং 'খ' এর মধ্যে সম্পর্ক লেখ। ২

অথবা,

$(ক ÷ ৫) \times ৬ = ৪২$ এবং $৩ \times (৫ + খ) = ২৭$ দুইটি বাক্য।

- ক) প্রথম বাক্যটি কোন ধরনের বাক্য ? ২
খ) দ্বিতীয় বাক্যের 'খ' এর মান নির্ণয় কর। ২

৮। তিনটি ঘন্টা প্রথমে একত্রে বেজে উঠার পর যথাক্রমে ১০, ১২ ও ১৫ মিনিট পর পর বাজতে লাগলো।

- ক) ঘন্টাগুলো সর্বনিম্ন কতো মিনিট পর আবার একত্রে বাজবে? ৪
খ) সকাল ৯.০০ টায় একত্রে বাজার পর ঘন্টাগুলো আবার কয়টায় একত্রে বাজবে? ৪

অথবা,

একজন শিক্ষক ২৪টি কলা, ৪২টি বিস্কুট এবং ৫৪টি চকলেট শিক্ষার্থীদের মধ্যে সমানভাবে ভাগ করে দিতে চান।

- ক) সর্বোচ্চ কতোজন শিক্ষার্থীর মধ্যে কলা, বিস্কুট ও চকলেট সমানভাবে ভাগ করে দিতে পারবেন ? ৪
খ) এক জন শিক্ষার্থী কলার চেয়ে কয়টি চকলেট বেশি পাবে ? ৪

৯। একটি রাস্তায় ২৫ মিটার পর পর গাছ এবং ২০ মিটার পরপর ল্যাম্পপোস্ট আছে। রাস্তার শুরুতে গাছ এবং ল্যাম্পপোস্ট একত্রে আছে।

- ক) কত মিটার পরপর গাছ ও ল্যাম্পপোস্ট একত্রে থাকবে ? ৪
খ) রাস্তাটির দূরত্ব ৩.৫ কি.মি. হলে কতটি স্থানে গাছ ও ল্যাম্পপোস্ট একত্রে থাকবে? ৪

অথবা,

দুইটি ড্রামের ধারণক্ষমতা যথাক্রমে ২২৮ লিটার ও ৩৪৮ লিটার।

- ক) ২২৮ কে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ কর। ২
খ) সর্বাধিক কত ধারণক্ষমতার পানিপূর্ণ কলসি দিয়ে পূর্ণসংখ্যকবার পানি ঢেলে ড্রাম দুইটি পূর্ণ করা যাবে ? ৩
গ) দ্বিতীয় ড্রামে ১ম ড্রাম অপেক্ষা কতো কলসি পানি বেশি ধরবে। ৩

১০। ১টি টেবিলের মূল্য ৭৫০ টাকা ও ১টি চেয়ারের মূল্য ২৫০ টাকা।

- ক) ২০ টি চেয়ারের মূল্য কত ? ৪
খ) ১টি টেবিল ও ১টি চেয়ারের মূল্যের পার্থক্য কত ? ৪
গ) ৯০০০ টাকায় কতটি টেবিল পাওয়া যাবে ?

অথবা

'ক' প্যাকেট বিস্কুট ও ১ বোতল পানীয়ের মূল্য একত্রে 'খ' টাকা। ১ প্যাকেট বিস্কুটের মূল্য ১৮ টাকা এবং ১ বোতল পানীয়ের মূল্য ১২ টাকা।

- ক) ক এবং খ এর সম্পর্ক একটি গাণিতিক বাক্যের মাধ্যমে লেখ।
খ) 'খ' এর মান নির্ণয় কর, যখন $ক=১০$ ৩
গ) 'ক' এর মান নির্ণয় কর যখন $খ=১২০$ ৩

১১। যেকোন ২টি প্রস্থের উত্তর দাওঃ (২টি) $(৩+৩) \times ২ = ১২$

ক) একটি বর্গের এক বাহুর দৈর্ঘ্য ৪ সে.মি.

- ১। বর্গটি অংকন কর ২। অঙ্কিত বর্গের তিনটি বৈশিষ্ট্য লেখ।

খ) একটি আয়তের ভূমি ৫ সে.মি. ও উচ্চতা ৪ সে.মি.।

- ১। আয়তটি অংকন কর। ২। অঙ্কিত আয়তের তিনটি বৈশিষ্ট্য লেখ।

গ) একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য ৫ সে.মি. ও ৩ সে.মি.।

- ১। ট্রাপিজিয়াম টি অংকন কর।
২। অঙ্কিত ট্রাপিজিয়ামের তিনটি বৈশিষ্ট্য লেখ।